দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৮/৯/৯১ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

13

## আজ সাক্ষরতা দিবস

(ইত্তেফাক রিপোর্ট)

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। ২৬ বছর আগে বিশ্ব হইতে নিরক্ষরতা দূরীকরণের অঙ্গীকার নিয়া প্রতি বছর এই দিবসটি পালন করা হয়।

দিবসটি উদযাপন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের গণশিক্ষা কার্য-

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সাক্ষরতা দিবস

(শেষপৃঃ পর)

ক্রম ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে আজ রবিবার সকাল দশটায় জাতীয় যাদুঘর মিলনায়তনে এক আলোচনাসভার আয়োজন করা হইয়াছে।

ইহাছাড়াও বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা দিবসটি পালনের বিস্তারিত কর্মসূচী গ্রহণ করিয়াছে।

বাংলাদেশ সাক্ষরতা সমিতি আজ বিকাল ৫টায়, নায়েম মিলনায়তনে 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্য ও বাংলাদেশে সবার জন্য শিক্ষা' শীর্ষক এক সেমিনারের আয়োজন করিয়াছে। বাংলাদেশ জাতিসংঘ সমিতি বিকাল ৫টায় ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীট মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করিয়াছে।

জাতীয় সাংস্কৃতিক সংস্থা লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল, জাতীয় সাংস্কৃতিক সংস্থাও আলোচনা সভার আয়োজন করিয়াছে।